বার্ষিক শিক্ষা প্রতিষ্ঠান জরিপ ২০২৬ (বিশ্ববিদ্যালয়) এর তথ্যছক পূরণ নির্দেশিকা

অত্যাবশ্যকীয় নির্দেশাবলী:

* প্রত্যেকটি প্রশ্ন ভালভাবে পড়ে, বুঝে সঠিক উত্তর দিন।
* স্বল্প সময়ে এবং সঠিকভাবে তথ্য প্রদান সম্পন্ন করার জন্য স্ব-স্ব প্রতিষ্ঠানের ক্ষেত্রে প্রযোজ্য তথ্যছক ব্যানবেইস এর ওয়েবসাইট থেকে ডাউনলোডপূর্বক সকল তথ্য-উপাত্ত সংগ্রহপূর্বক হার্ডকপিতে লিপিবদ্ধ করে ব্যানবেইসের ওয়েবসাইট হতে সফটওয়্যারে লগ ইন করে তথ্যছকে তথ্য পূরণ করুন।
* শিক্ষার্থী ও শিক্ষক-কর্মচারীদের তথ্য প্রদানের ক্ষেত্রে সেপ্টেম্বর ২০২৬ এর হালনাগাদ তথ্য প্রদান করতে হবে।
* শিক্ষা প্রতিষ্ঠানের নাম বাংলায় পূরণের ক্ষেত্রে **অভ্র কি-বোর্ড** এবং **Nikosh ফন্ট** ব্যবহার করুন।
* **তারকা চিহ্নিত সকল ফিল্ডের তথ্য অবশ্যই প্রদান করতে হবে।**
* তথ্যছক পূরণ করার সময় বিদ্যুৎ চলে গেলে অথবা আংশিক তথ্য এন্ট্রি করার পর কোন কারণবশত আর তথ্য প্রদান করা সম্ভবপর না হলে Logout করে কিছুটা সময় পর পুনরায় লগ-ইন পাতায় গিয়ে User ID এবং Password দিয়ে মূল তথ্যছকের পাতায় প্রবেশ করতে হবে। **ব্যানবেইস এর ডেটাবেইজ এ সংরক্ষিত বিশ্ববিদ্যালয়ে মোবাইল নম্বরে SMS এর মাধ্যমে প্রেরিত Password দিয়ে মুল তথ্যছকের পাতায় প্রবেশ করতে হবে।**

জরিপকাল: ০১ অক্টোবর ২০২৬ খ্রি. হতে ৩১ অক্টোবর ২০২৬ খ্রি.

১. প্রথমে কম্পিউটারের ব্রাউজার (যেমন: Google Chrome) এ প্রবেশ করুন।

২. ব্রাউজারে ব্যানবেইস এর ওয়েবসাইট www.banbeis.gov.bd এ প্রবেশ করুন।



৩.উপরের চিত্রে প্রদর্শিত ছবির নির্দেশনা অনুযায়ী **শিক্ষা জরিপ ২০২৬** মেনুতে ক্লিক করুন এবং সংশ্লিষ্ট সাব মেন্যুতে ক্লিক করুন।

অথবা

সরাসরি Login করতে https://esurvey.ieims.banbeis.gov.bd লিংক ব্যবহার করুন।

৪. ক্লিক করার পর নিম্নোক্ত ছবির মত Login Page প্রদর্শিত হবে।



৫. পাসওয়ার্ড পেতে নিম্নোক্ত ছবির নতুন পাসওয়ার্ড পান মেনুতে ক্লিক করুন।



৬. নতুন পাসওয়ার্ড পান বাটনে ক্লিক করলে নিম্নোক্ত ছবি প্রদর্শিত হবে। অতঃপর বিশ্ববিদ্যালয়ের ৬ ডিজিটের User ID……… টাইপ করুন নম্বর **পরবর্তী** বাটনে এ ক্লিক করুন।



৭. এ ধাপে ব্যানবেইস এর ডেটাবেইজ এ সংরক্ষিত প্রতিষ্ঠানের মোবাইল নম্বরটি প্রদর্শিত হবে। মোবাইল নম্বরটি সঠিক থাকলে পাসওয়ার্ড পাঠান বাটনে ক্লিক করুন।

৮. পাসওয়ার্ড পাঠান বাটনে ক্লিক করলে প্রতিষ্ঠানের নিবন্ধিত মোবাইল নম্বরে SMS এর মাধ্যমে একটি পাসওয়ার্ড পাঠানো হবে। পরবর্তী সকল লগইন এ একই পাসওয়ার্ড প্রযোজ্য হবে।



৯. অতপর নিম্নের লগইন পেইজ এ ইউজারনেম এর যায়গায় বিশ্ববিদ্যালয়ের User ID এবং পাসওয়ার্ড এর যায়গায় মোবাইল নম্বরে SMS এর মাধ্যমে প্রেরিত **Password** দিয়ে **লগইন করুন** বাটনে ক্লিক করুন।



১০. লগ-ইন সফলভাবে সম্পন্ন হলে আপনার প্রতিষ্ঠান নিশ্চিত হওয়ার পর জরিপ এর তথ্য দেয়ার জন্য **'জরিপের তথ্য দিন'** বাটনে ক্লিক করুন।

১১. এ পাতায় বিশ্ববিদ্যালয়ের অনেক তথ্য পূরণকৃত দেখাবে। এক্ষেত্রে পূরণকৃত তথ্যের কোন পরিবর্তন প্রয়োজন হলে পরিবর্তন করুন। এছাড়া কিছু তথ্য খালি বা ফাঁকা দেখাবে, ফাঁকা অংশগুলো যথাযথভাবে পূরণ করুন। তথ্যছকের কোন আবশ্যিক ঘর ফাঁকা থাকলে পরবর্তী ধাপে প্রবেশ করতে পারবেন না।

১২. প্রথম Page এ প্রযোজ্য তথ্যসমূহ পূরণ করা সম্পন্ন হলে নিম্নোক্ত ছবিতে প্রদর্শিত তথ্যছকের নিচের দিকে থাকা Save and Next বাটন এ ক্লিক করুন। ক্লিক করার পূর্বে সকল তথ্য সঠিকভাবে দেয়া হয়েছে কিনা নিশ্চিত হউন। অসম্পূর্ণ বা আংশিক তথ্য কোন ক্রমেই গ্রহণযোগ্য হবে না। তথ্য সঠিকভাবে সংরক্ষিত হলে Data Saved Successfully লেখা ভেসে উঠবে। অতঃপর ভবিষ্যত প্রয়োজনে ব্যবহারের জন্য চিত্রে প্রদর্শিত Print বাটনে ক্লিক করে প্রদত্ত তথ্য সংরক্ষণ করুন। উল্লেখ্য, প্রতি পাতার তথ্য পৃথকভাবে প্রিন্ট করতে হবে। তথ্যছকের সকল পাতা একত্রে প্রিন্ট করার সুযোগ নেই।



১৩. তথ্য সঠিকভাবে সংরক্ষিত হলে মেনুবারে প্রদর্শিত পরবর্তী মেনুতে (যেমন: মৌলিক তথ্য-২, শিক্ষার্থী-১, শিক্ষার্থী-২ ইত্যাদি) ক্লিক করুন এবং পুর্বের ন্যায় তথ্য পূরণ করে সংরক্ষণ করুন।



১৪. একই পদ্ধতিতে সর্বশেষ পাতা পর্যন্ত তথ্য পূরণ করে যেতে হবে এবং প্রতি পাতার তথ্য পূরণের পর সংরক্ষণের জন্য ০৭ নং অনুচ্ছেদের নির্দেশনা অনুসরণ করতে হবে।

১৫. সকল পাতার তথ্য নির্ভুলভাবে হালনাগাদ করা সম্পন্ন হলে নিম্নোক্ত চিত্রে প্রদর্শিত **চূড়ান্ত সাবমিট** বাটনে ক্লিক করে তথ্য প্রদান সম্পন্ন করুন। সঠিকভাবে তথ্য প্রদান সম্পন্ন হলে স্ক্রিনে ধন্যবাদসূচক বার্তা প্রদর্শিত হবে। অতঃপর প্রতিষ্ঠানের পরবর্তী প্রয়োজনের জন্য দাখিলকৃত তথ্যসমূহ সংরক্ষণের বিষয়টি নিশ্চিত করে Logout বাটনে ক্লিক করে বের হয়ে যান।

১৬. জরিপের তথ্য নির্ভুল হওয়া বাঞ্চনীয়। ভবিষ্যতে এ তথ্যের উপর ভিত্তি করে পরিকল্পনা প্রণয়ন করা হবে।

১৭. বার্ষিক শিক্ষা প্রতিষ্ঠান জরিপ ২০২৬ এর তথ্যছক পূরণে যেকোন সহযোগিতা বা পরামর্শের জন্য যোগাযোগ করুন:
ই-মেইল: esurvay@banbeis.gov.bd

নং	নাম	পদবি	টেলিফোন নম্বর	মোবাইল নম্বর
১	জনাব মোহাম্মদ রিয়াজুর রহমান	স্পেশালিস্ট (পরিসংখ্যান)	৪১০৬০৭১৪	০১৭১২২৩৯৫৬৭
২	জনাব মোঃ ছানোয়ার হোসেন	স্পেশালিস্ট (পরিসংখ্যান)	৪১০৬০৭৫৭	০১৭১৫২৮৩৬০১
৩	জনাব নূর মোহাম্মদ	পরিসংখ্যান অফিসার	৪১০৬১২৩৭	০১৭১০৪৮০৯৯২
৪	জনাব উম্মে নাজাইরা লিজা	পরিসংখ্যান অফিসার	৪১০৬০৭৫২	০১৯৩৫৮০৫৭১১
৫	জনাব মোঃ কামাল হোসেন	সহ. পরিসংখ্যান অফিসার		০১৭১৪৫১১৯৪৪
৬	জনাব তাহমিনা আক্তার	সহ. পরিসংখ্যান অফিসার		০১৮৩৭৩৫৫২৯৪
৭	জনাব মোহাম্মদ সোলায়মান খলিফা	সহ. পরিসংখ্যান অফিসার		০১৭২৬২৬৪৮১০
৮	জনাব মোঃ মানিক হোসেন	সহ. পরিসংখ্যান অফিসার		০১৭৩৭৬০০৯৩০

- জরিপ কার্যক্রম সার্বিক তদারকি করবেন প্রফেসর প্রফেসর মোঃ গোলাম ফিরোজ, পরিচালক (পরিসংখ্যান); ফোন: ৪১০৬০৭৩৩, মোবাইল: ০১৭১১২৮৬৩৫৭।

- জরিপ কার্যক্রম সার্বিক সমন্বয় করবেন প্রফেসর রুনা নাছরীন, চিফ, পরিসংখ্যান বিভাগ; ফোন: ৪১০৬০৭১৫, মোবাইল: ০১৫৫৩৬৯৯৮৩৪।

আপনার সহযোগিতার জন্য আন্তরিক ধন্যবাদ।